# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-01-2025** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসক ধর্ষণ ও হত্যাকান্ডে দোষী সাব্যস্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে আমৃত্যু কারাদন্ড দেওয়া হয়েছে।

পাশাপাশি নির্যাতিতার পরিবারকে ১৭ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে রাজ্য সরকারকে নির্দেশ।

** আর জি কর মামলায় নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে হাইকোর্টে যাচ্ছে রাজ্য সরকার ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই রায়ে অসন্তোষ ব্যক্ত করেছেন।

অসন্তোষ প্রকাশ করেছে রাজ্যের বিরোধী দলগুলিও।

২) দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে লাঙ্গল দেওয়ার সময় জমির নীচ থেকে এক নাবালিকার দেহ উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৩) তিন জেলা সফরে মুখ্যমন্ত্রী আজ মুর্শিদাবাদ থেকে মালদায় পৌঁছেছেন। সফরের প্রথম পর্যায়ে মুর্শিদাবাদে তিনি ১৪৫ কোটি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন।

৪) দেশের মজবুত অর্থনৈতিক ভবিষ্যতের ভিত্তিপ্রস্তুত করতে কাঁচ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি ও ভূবিজ্ঞান প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং জানিয়েছেন।

oooooooooooooooooooooo

আরজি কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও হত্যা কাণ্ডে দোষী সাব্যস্ত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে আমৃত্যু কারাদন্ড

দেওয়া হয়েছে। তাকে আজ শিয়ালদা আদালতে তোলা হলে বিচারক অনির্বান দাস এই সাজা ঘোষণা করেন। পাশাপাশি নির্যাতিতার পরিবারকেও ১৭ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে বলা হয়েছে রাজ্য সরকারকে। গত শনিবার এই মামলার শুনানিতে ভারতীয় ন্যায় সংহিতার ৬৪ অর্থাৎ ধর্ষণ, ৬৬ অর্থাৎ ধর্ষণের পর মৃত্যু এবং ১০৩(১) অর্থাৎ খুনের ধারায় দোষী সাব্যস্ত করা হয় সঞ্জয়কে।

এরপরে আজ সব পক্ষের বক্তব্য শুনে চূড়ান্ত রায় ঘোষণা করেন বিচারক। শুনানির শুরুতেই তিনি আসামিকে উদ্দেশ্য করে বলেন, তদন্তে প্রমাণিত ধর্ষণকালীন আঘাতে নির্যাতিতার মৃত্যু হয়েছে। তাঁর অন্য কোন বক্তব্য আছে কিনা, এবং সঞ্জয়ের পরিবার সম্পর্কেও জানতে চান বিচারক। জবাবে সঞ্জয় আবারও তাকে ফাঁসানো হয়েছে অভিযোগ করে খুন ও ধর্ষণের ঘটনায় জড়িত নয় বলে পুনরায় দাবি করে।

এর আগে সিবিআইয়ের আইনজীবী আরজি করের ঘটনাকে বিরলের মধ্যে বিরলতম আখ্যা দিয়ে সর্বোচ্চ শাস্তির দাবী জানালেও সঞ্জয়ের আইনজীবী সেই বক্তব্যের বিরোধিতা করেন।

oooooooooooooooooooooo

আর জি কর নিয়ে আদালতের আজকের রায়ে নির্যাতিতার পরিবার এবং সরকার ও বিরোধী পক্ষ উভয়েই হতাশা ব্যক্ত করেছে।

ওই তরুণী চিকিৎসকের বাবা-মা বলেছেন, মেয়ের নির্যাতন ও হত্যার ঘটনায় তারা কোনোরকম আর্থিক ক্ষতিপূরণ চান না বলে আদালতকে জানিয়েছিলেন। চেয়েছিলেন ন্যায় বিচার।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আর জি কর মামলার রায় নিয়ে অসন্তোষ প্রকাশ করেছেন। মালদায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তের মমতা বলেন, প্রথম থেকেই তিনি অপরাধীর ফাঁসির দাবি জানিয়েছিলেন। অভিযুক্তের সর্বোচ্চ সাজা হলেই সন্তুষ্ট হতেন।

সিবিআই তদন্ত নিয়ে কোনো মন্তব্য না করলেও কলকাতা পুলিশের হাতে তদন্ত ভার থাকলে এই মামলায় ফাঁসির সাজা হত বলে মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেছেন।

বাইট মমতা

এদিকে, বিজেপিও এই রায়ে অসন্তোষ প্রকাশ করেছে। দলের নেতা শমীক ভট্টাচার্য্য বলেছেন, শুধুমাত্র সঞ্জয় রায় নয়, এটি একটি প্রাতিষ্ঠানিক অপরাধ। তাই যাবজ্জীবন কারাদন্ড দিয়ে জনরোষ কমানো যাবে না বলে তিনি জানান।

দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার স্বাস্থ্য ভবনের সামনে এক বিক্ষোভ সমাবেশে বলেন, আদালতের রায়ের সমালোচনা করার অধিকার তার নেই, তবে মানুষ এই রায়ে খুশি নয়। নির্যাতিতার পরিবারকে ১৭ লক্ষ টাকা ক্ষতিপূরণের যে নির্দেশ দেওয়া হয়েছে, তাতে ওই চিকিৎসকের জীবন ও সম্মান ফিরিয়ে আনা যাবে কিনা সেই প্রশ্নও তোলেন তিনি।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তার প্রতিক্রিয়ায় বলেছেন,

(বাইট – শুভেন্দু)

এই মাত্র জানা গেল,

আর জি কর মামলায় নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে হাইকোর্টে যাচ্ছে রাজ্য সরকার । মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নিজের এক্স হ্যান্ডেলে একথা জানিয়েছেন। তিনি বলেন, আদালত নৃশংস এই ঘটনাকে বিরলের মধ্যে বিরলতম বলে চিহ্নিত না করায় তিনি বিস্মিত। রাজ্য সরকার মনে করে এটি একটি বিরলতম অপরাধ। এবং সেজন্য দোষী সর্বোচ্চ শাস্তি হওয়া প্রয়োজন।

প্রবীণ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেছেন, আর জি করের এই মামলায় যা প্রত্যাশা করা হয়েছিল, সেরকম কিছু হলো না। তাঁর মতে এর পেছনে আরও অনেকে জড়িত ।

(বাইট – অধীর)

আর জি কর-এর ঘটনায় ন্যায় বিচারের দাবিতে প্রদেশ কংগ্রেস আজ ফের কলকাতায় পথে নেমে বিক্ষোভ দেখায়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ প্রদেশ কংগ্রেসের ও প্রদেশ যুব কংগ্রেসের নেতা কর্মী সমর্থকরা আজ ওই মিছিলে অংশ নেন। প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবন থেকে আজ দুপুরে মিছিল শিয়ালদা র দিকে এগোতে থাকার সময় মৌলালি র মোড়ে পুলিশ মিছিল আটকে দেয়। এরপর কংগ্রেস নেতাকর্মী সমর্থকরা মৌললি মোড়ের কাছেই বিক্ষোভ দেখাতে

আর জি কর কান্ডে রায় হয়েছে বিচার হয়নি বলে সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন। রাজ্যের মুখ্যমন্ত্রীর কথা মতোই সব হয়েছে বলে তাঁর দাবি।

(বাইট – সূজন)

অন্যদিকে, আর জি কর কান্ড নিয়ে ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর্স ফ্রন্টের আন্দোলনকারী আসফাকুল্লা নাইয়া জানিয়েছেন, নৃশংস এই ঘটনার বিরুদ্ধে আদালত যে রায় দিয়েছে, তা হাস্যকর। মামলায় যে ফাঁক ফোকর রয়ে গেছে, তা নিয়ে উচ্চতর আদালতে যাওয়া হবে।

(বাইট আসফাকুল্লা)

জাতীয় মহিলা কমিশনের প্রাক্তন চেয়ার পার্সন রেখা শর্মা বলেছেন, এই রায় দুর্ভাগ্যজনক। তদন্তের ত্রুটির কারণে মৃত্যুদন্ড হয়নি বলেও মন্তব্য করেন তিনি।

oooooooooooooooooooooo

কোচবিহারের মাথাভাঙ্গা মহকুমা আদালতে আজ আরও একটি ধর্ষনের মামলায় রায় ঘোষণা করা হয়। মাথাভাঙ্গার অতিরিক্ত জেলা ও দায়রা আদালতের বিচারক রাজেশ তামাং এই ঘটনায় অভিযুক্তর ১০ বছরের জেল এবং ১০ হাজার টাকা জরিমানা ধার্য করেন।

উল্লেখ্য, ২০২১ সালে মাথাভাঙ্গা ১ নং ব্লকের শিকারপুর এলাকায় এই ঘটনা ঘটে। এক নাবালিকা তার বানানো জামা ঠিক আছে কিনা পরে দেখতে গেলে দোকান মালিক তাঁকে ধর্ষন করে বলে অভিযোগ। ।ঘটনার পর অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। অবশেষে আজ রায় ঘোষণা করা হলো।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীর উত্তর চুনখালি গ্রামে চাষের জন্য ট্রাক্টরের সাহায্যে লাঙ্গল দেওয়ার সময় জমির নীচ থেকে এক নাবালিকার দেহ উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে, স্থানীয় রামকৃষ্ণ মিশনের অষ্টম শ্রেণীর ঐ ছাত্রী কয়েকদিন ধরে নিখোঁজ ছিল। পুলিশের কাছে অভিযোগও দায়ের করা হয়েছিল। আজ হঠাতই তার দেহ উদ্ধার হওয়ায় কান্নায় ভেঙে পড়ে পরিবার। ধর্ষনের পর তাঁকে খুন করে সেখানে পুঁতে রাখা হয়েছিল বলে পরিবারের অভিযোগ। যে কোনো মূল্যে অপরাধীকে খূঁজে বের করার দাবী জানিয়েছেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরদিনাজপুরের গোয়ালপোখরে পুলিশের গুলিতে বন্দি মৃত্যুর ঘটনায় কলকাতা হাইকোর্টে মামলা করা হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম আজ এই মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন। এ সপ্তাহে প্রধান বিচারপতি শিবজ্ঞানম ও বিচারপতি হীরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, গোয়ালপোখরে পুলিশকে লক্ষ্য করে গুলি ছুঁড়ে পালিয়ে যায় দুষ্কৃতিরা। তারপর মূল অভিযুক্ত সাজ্জাক আলম পুলিশের গুলিতে নিহত হয় বলে জানা গেছে। তার মাথার দাম ধরা হয়েছিল ২ লক্ষ টাকা।

০০০০০০০০০০০০০০০০০০০

তিন জেলা সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এখন মালদায়। মূর্শিদাবাদ থেকে সেখানে পৌঁছে তিনি দুষ্কৃতি আক্রমণে নিহত তৃণমূল কংগ্রেস কাউন্সিলার দুলাল ওরফে বাবলা সরকারের বাড়িতে যান। কথা বলেন, তাঁর স্ত্রী চৈতালীর সঙ্গে। পরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন, এই খুনের ঘটনায় পুলিশ দ্রুত ব্যবস্থা নেবে। এনিয়ে রাজ্য পুলিশের ডিজির সঙ্গেও তাঁর কথা হয়েছে। যেই জড়িত থাকুক না কেন তাকে রেয়াত করা হবে না।

(বাইট – মুখ্যমন্ত্রী)

এর আগে সফরের প্রথম পর্যায়ে মুখ্যমন্ত্রী মূর্শিদাবাদের লালবাগে ১৪৫ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। আদিবাসীদের পাট্টা বিলি, সংখ্যালঘু, বিত্তনিগমের মেয়াদী ঋণ, স্বয়ংম্ভর গোষ্ঠীর সদস্যদের ক্ষুদ্র ঋণ এবং শস্য বীমা সহ ২১ ধরনের পরিষেবাও প্রদান করেন তিনি। ৫২ জন উপভোক্তার হাতে প্রতীকিভাবে তুলে দেওয়া হয় এই পরিষেবা।

জেলায় গঙ্গা  ভাঙন নিয়ে কেন্দ্রের ভূমিকার সমালোচনার পাশাপাশি ওবিসি সংরক্ষণ বিল নিয়েও অসন্তোষ প্রকাশ করেন মমতা। রাজ্যের তহবিলে বিড়ি শ্রমিকদের জন্য হাসপাতাল তৈরি করারও প্রতিশ্রুতি দেন। জেলায় ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে অস্থিরতা নিয়ে তিনি বলেন, রাজ্যের এক্তিয়ারভুক্ত এলাকায় কিছু হলে পুলিশ তা কড়া হাতে মোকাবিলা করবে। সীমান্ত সংক্রান্ত দিকটি বিএসফকে তৎপরতার সঙ্গে নজরে রাখতেও বলেন তিনি।

আগামীকাল মালদা শহরে যুব আবাস সংলগ্ন ময়দানে সরকারী পরিষেবা প্রধান অনুষ্ঠানে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। বুধবার মাদারিহাটে তাঁর  সরকারী অনুষ্ঠানে যোগদানের কর্মসূচী রয়েছে।

oooooooooooooooooooo

দেশের মজবুত অর্থনৈতিক ভবিষ্যতের ভিত্তি প্রস্তুত করতে কাঁচ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে কেন্দ্রীয় বিজ্ঞান প্রযুক্তি ও ভূবিজ্ঞান মন্ত্রকের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং জানিয়েছেন। এক্ষেত্রে দ্রুত উন্নয়নের লক্ষ্যে শিক্ষা জগৎ,গবেষণা ও উন্নয়ন কেন্দ্র এবং বেসরকারি সংস্থার মধ্যে সমন্বয়ে বাড়ানোর উপরেও তিনি জোর দিয়েছেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আজ কলকাতায় সিএসআইআর সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইনস্টিটিউট-এর ২৭তম ইন্টারন্যাশনাল কংগ্রেস অন গ্লাস সম্মেলনের উদ্বোধন করেন। আয়োজকদের সাধুবাদ জানিয়ে শ্রী সিং বলেন,এই শিল্পের সঙ্গে যুক্ত পূর্বাঞ্চলের মানুষ দীর্ঘ চার দশক পড়ে এই সম্মেলনের সুযোগ পেয়েছেন। যেখানে কাঁচ ও সেরামিক শিল্পের সঙ্গে যুক্ত মানুষ এই ক্ষেত্রের অত্যাধুনিক প্রযুক্তি এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে জানতে পারবেন। সেন্ট্রাল গ্লাস অ্যান্ড সেরামিক রিসার্চ ইনস্টিটিউটের অধিকর্তা অধ্যাপক বিক্রমজিৎ বসু সহ বিশিষ্ট ব্যক্তিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এই আন্তর্জাতিক সম্মেলন চলবে ২৪ তারিখ পর্যন্ত।

oooooooooooooooooooooo

মহাকুম্ভকে কেন্দ্র করে সেজে উঠেছে উত্তরপ্রদেশের প্রয়াগরাজ । ত্রিবেণী সঙ্গমের সঙ্গে সংযোগকারী এলাহাবাদ বিমানবন্দর, বিভিন্ন রেল স্টেশন, সড়কপথকে হোর্ডিং, ব্যানার দিয়ে সাজিয়ে তোলা হয়েছে। তীর্থযাত্রীদের সঙ্গমে পৌঁছে দিতে শহরের বিভিন্ন প্রান্ত থেকে বিশেষ বাস চালাচ্ছে উত্তরপ্রদেশ পরিবহন নিগম। প্রয়াগরাজ থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট- সুমন)

oooooooooooooooooooooooo

পার্কসার্কাস স্টেশন সংলগ্ন একটি কারখানায় আজ বিকেলে আগুন লাগে। দমকলের ১৪-টি গাড়ি কয়েক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। তবে, কেউ হতাহত হয়নি। ঘটনাস্থলে মেয়র ফিরহাদ হাকিম গেছেন।

রেল সূত্রে জানা গেছে, কিছুক্ষণের জন্য রেল চলাচল বন্ধ থাকলেও এখন আবার স্বাভাবিক হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০